ইত্তেফাক

তারিখ ... 3.1.85 ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

001

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের দপ্তর ঃ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
সপুরা, রাজশাহী

# প্রশিক্ষার্থী ভর্তির বিজ্ঞপ্তি

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীনস্থ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, সপুরা, রাজশাহীতে নিম্নেবর্ণিত ট্রেডসমূহে ২ বৎসর মেয়াদী প্রশিক্ষণ, কর্মসূচী দুইটি পর্বে বিভক্ত হইবে এবং প্রতি পর্বের মেয়াদ এক বৎসর এবং ইহা স্বয়ংসম্পূর্ণ। প্রতি পর্বের চূড়ান্ত পরীক্ষা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের মাধ্যমে গৃহীত হইবে। প্রথম পর্বের চূড়ান্ত পরীক্ষায় কৃতকার্য প্রশিক্ষার্থী ইচ্ছা করিলে দ্বিতীয় পর্বের প্রশিক্ষণ গ্রহণ অথবা চাকুরীতে নিয়োগের জন্য প্রশিক্ষণ কেন্দ্র ত্যাগ করিতে পারিবে। প্রতি পর্বের শেষাংশে সম্ভাব্যস্থলে প্রশিক্ষার্থীদিগকে ৩ (তিন) মাসের জন্য হাতে কলমে কাজ শিখার নিমিত্ত বিভিন্ন শিল্প কারখানায় ইণ্ডাষ্ট্রিয়াল এটাচম্যাণ্ট অথবা প্রশিক্ষণ কেন্দ্রে উৎপাদনমুখী প্রজেক্ট ভিত্তিক কাজে নিয়োজিত রাখার সম্ভাবনা রহিয়াছে। প্রথম পর্বের লক্ষ্যমাত্রা জাতীয় দক্ষতা মানের তৃতীয় ধাপ এবং দ্বিতীয় পর্বের লক্ষ্যমাত্রা হইবে উক্ত মানের দ্বিতীয় ধাপ।

ভর্তিচ্ছুক প্রার্থীদিগকে কেন্দ্র হইতে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ১৫ (পনর) টাকার ব্যাঙ্ক ড্রাফট/পে-অর্ডার অথবা রসিদের মাধ্যমে নগদ জমা দিয়া নির্ধারিত ভর্তির ফরম সংগ্রহ করতঃ নিজ হাতে উহা পূরন পূর্বক ফি জমাকৃত রসিদের কপি. সার্টিফিকেটের সত্যায়িত কপি, পাসপোর্ট সাইজের সত্যায়িত ফটো এবং চরিত্রগত সার্টিফিকেটসহ আগামী ১০-১-৮৫ ইং তারিখের মধ্যে দাখিল করিতে হইবে।

প্রশিক্ষার্থীদের সন্তোষজনক হাজিরা, প্রশিক্ষণের অগ্রগতি এবং সদাচারণের ভিত্তিতে মাসিক ৬০/- (ষাট) টাকা হারে বৃত্তি এবং বই-খাতাপত্র ইত্যাদি ক্রয়ের জন্য এককালীন ১৫০ (এক-শত পঞ্চাশ) টাকা ভাতা প্রদান করা হইবে।

নিম্নে ট্রেডসমূহের নাম, শিক্ষাগত যোগ্যতা এবং বয়স উল্লেখ করা হইল ঃ

| ক্রমিক নং | ট্রেডের নাম | শিক্ষাবর্ষ | আসন সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | ১০-১-৮৫ ইং তারিখে বয়স |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | অটোমোটিভ ট্রেড | প্রথম পর্ব | ০৭ | অষ্টম শ্রেণী পাস হইতে এস,এস-সি পাস | ১৫ হইতে ১৮ বৎসর |
| ২। | কার্পেন্টি ট্রেড | —ঐ— | ২০ | —ঐ— | —ঐ— |
| ৩। | ওয়েলডিং ট্রেড | —ঐ— | ১০ | —ঐ— | —ঐ— |
| ৪। | জেনারেল মেকানিক্স ট্রেড | —ঐ— | ১৬ | —ঐ— | —ঐ— |
| ৫। | মেশিনিষ্ট ট্রেড | —ঐ— | ১০ | —ঐ— | —ঐ— |
| ৬। | টার্ণার ট্রেড | —ঐ— | ১১ | —ঐ— | —ঐ |
| ৭। | ড্রাফটিং মেকানিক্যাল ট্রেড | —ঐ— | ২৫ | এস.এস-সি পাস হইতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত | ১৬ হইতে ২০ বৎসর |
| ৮। | ড্রাফটিং সিভিল ট্রেড | —ঐ— | ১৫ | —ঐ— | —ঐ— |

প্রার্থিগণকে সাধারণ জ্ঞান, ভাষাজ্ঞান (ইংরাজী ও বাংলা), বিজ্ঞান, অংক ও প্রবণতা (Aptitude)-এর উপরে ১৫-১-৮৫ ইং তারিখের সকাল ৯ ঘটিকায় লিখিত পরীক্ষায় এবং পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থিগণকে ২৪-১-৮৫ ইং তারিখের মধ্যে এককালীন ১ বৎসরের জন্য নিম্নেবর্ণিত হারে ফিস জমা দিয়া ভর্তি হইতে হইবে।

| | | |
|---|---|---|
| ১। | কারিগরি শিক্ষা বোর্ডের রেজিষ্ট্রেশন ফিস | ২০ (বিশ) টাকা। |
| ২। | মাসিক বেতন ৫/- টাকা হারে এক বৎসরের জন্য | ৬০ (ষাট) টাকা |
| ৩। | জামানত (ফেরতযোগ্য) | ৫০ (পঞ্চাশ) টাকা |
| ৪। | হোষ্টেল সীটরেন্ট মাসিক ৫/- টাকা হারে এক বৎসরের জন্য (হোষ্টেল-এ অবস্থানে ইচ্ছুক প্রার্থীদের জন্য) | ৬০ (ষাট) টাকা |
| ৫। | ক্রীড়া ফিস | ১৫ (পনর) টাকা |
| ৬। | পরিচয়পত্র | ১০ (দশ) টাকা |
| | | মোট—২১৫ (দুইশত পনর) টাকা |

আগামী ২০-১-৮৫ইং তারিখ হইতে নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচী আরম্ভ হইবে।

(শামসুল আলম)
অধ্যক্ষ ;
কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র,
সপুরা, রাজশাহী।
ফোন ঃ ২৩৫৬

ডিএফপি(স)১০০৬৯(১)(২৭/১২)
স—১৯